

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৫, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

খাদ্য বিভাগ

আদেশ

তারিখ, ২১ বৈশাখ ১৪১৮/৪ মে ২০১১

এস. আর. ও নং ১১৩-আইন/২০১১।—Control of Essential Commodities Act, 1956 (Act No. 1 of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ শর্তাধীনে খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর (Foodstuffs) মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করিল, যথা ঃ—

শর্তাবলী

- (১) সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে কোন ব্যবসায়ী ১ (এক) মেঃ টনের অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী তাহার অধিকারে বা নিয়ন্ত্রণে রাখিতে পারিবেন না।
- (২) লাইসেন্সের শর্তাধীনে আমদানীকারক, পাইকারী ব্যবসায়ী, খুচরা ব্যবসায়ী ও চাল কল মালিক কর্তৃক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী মজুদের সর্বোচ্চ পরিমাণ ও মেয়াদ হইবে নিম্নরূপ, যথা ঃ

(৩৯৮৫)

মূল্য ঃ টাকা ৪.০০

ক। ব্যবসায়ী পর্যায় :

ক্রমিক নং	খাদ্যশস্য/ খাদ্যসামগ্রীর নাম	পাইকারী বিক্রয় পর্যায়		খুচরা বিক্রয় পর্যায়		আমদানী পর্যায়	
		অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	আমদানীকৃত পণ্যের মজুদ পরিমাণ	অনুমোদিত মেয়াদকাল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	চাল/ধান	সর্বোচ্চ ৩০০ (তিনশত) মেগটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ১৫ (পনের) মেগটন	১৫ (পনের) দিন	আমদানীকৃত পণ্যের ১০০	৩০ (ত্রিশ) দিন
২।	গম/গমজাত দ্রব্য	সর্বোচ্চ ২০০ (দুইশত) মেগটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ১০ (দশ) মেগটন	১৫ (পনের) দিন	(একশত) ভাগ	
৩।	চিনি (পরিশোধিত)	সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) মেগটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেগটন	২০ (বিশ) দিন	৫০ (পঞ্চাশ) ভাগ	৪০ (চল্লিশ) দিন
৪।	ভোজ্য তেল :					২৫ (পঁচিশ) ভাগ	৫০ (পঞ্চাশ) দিন
	(ক) সয়াবিন (পরিশোধিত)	সর্বোচ্চ ৩০ (ত্রিশ) মেগটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেগটন	২০ (বিশ) দিন		
	(খ) পামওয়েল (পরিশোধিত)	সর্বোচ্চ ৩০ (ত্রিশ) মেগটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেগটন	২০ (বিশ) দিন		
৫।	ডাল	সর্বোচ্চ ৪০ (চল্লিশ) মেগটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেগটন	২০ (বিশ) দিন	২৫ (পঁচিশ) ভাগের কম যে কোন পরিমাণ	৬০ (ষাট) দিন

খ। চালকল মালিক পর্যায় :

ক্রমিক নং	খাদ্যসামগ্রীর নাম	চালকলের ধরণ					
		অটোমোটিক		মেজর		হাসকিং	
		অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	ধান	পাঙ্কিক ছাটাই ক্ষমতার ৫ (পাঁচ) গুণ	৩০ (ত্রিশ) দিন	পাঙ্কিক ছাটাই ক্ষমতার ৫ (পাঁচ) গুণ	৩০ (ত্রিশ) দিন	পাঙ্কিক ছাটাই ক্ষমতার ৫ (পাঁচ) গুণ	৩০ (ত্রিশ) দিন
২।	চাল	পাঙ্কিক ছাটাই ক্ষমতার ২ (দুই) গুণ	১৫ (পনের) দিন	পাঙ্কিক ছাটাই ক্ষমতার ২ (দুই) গুণ	১৫ (পনের) দিন	সর্বোচ্চ ১০০ (একশত) মেগটন	১৫ (পনের) দিন

- (৩) আমদানীকারক বা পাইকারী বিক্রেতা উপরি-উক্ত দফা-(২) এ উল্লিখিত ছকে বর্ণিত অনুমোদিত মেয়াদের মধ্যে অনুমোদিত মজুদ তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে বিক্রয় করিতে না পারিলে অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হইবার ৩ (তিন) দিনের মধ্যে বিষয়টি এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাকে তদ্বিকর্তক নির্ধারিত ছক ও পদ্ধতিতে অবহিত করিবেন।
- (৪) অনুমোদিত প্রত্যেক লাইসেন্সধারী ব্যবসায়ীকে খাদ্য সামগ্রী আমদানী, ক্রয়, মজুদ ও বিক্রয়ের হিসাব লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বা তদ্বিকর্তক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট নির্ধারিত “ছকে” পাঙ্কিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করিতে হইবে।
- (৫) উপরি- উক্ত দফা (৩) এ উল্লিখিত কর্মকর্তা এবং দফা (৪) এ উল্লিখিত কর্তৃপক্ষ প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে তদ্বিকর্তক প্রাপ্ত তথ্যাদি সম্পর্কিত প্রতিবেদন খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

(৬) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে চাল, গম ও গমজাত দ্রব্যাদি ছাড়াও নিম্নবর্ণিত খাদ্য পণ্যকে সরকার এতদ্বারা খাদ্য সামগ্রী (Foodstuffs) হিসাবে ঘোষণা করিল, যথা ঃ—

(ক) ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল);

(খ) চিনি;

(গ) ডাল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বরণ দেব মিত্র

সচিব।